



খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।

জন সতর্কীকরণ বিজ্ঞপ্তি

খুলনা মহাপরিকল্পনাভূক্ত কিছু কিছু এলাকায় সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নির্মাণাধীন ভবন মালিকগণ কেডিএ অনুমোদিত নকশার ব্যতয় করে নির্মাণ কাজ করছেন, স্থাপনা নির্মাণ কাজ শুরু পূর্বে অনুমতিপত্রের ৭ নং শর্ত মোতাবেক অথরাইজড অফিসারকে লিখিতভাবে অবহিত করার শর্ত থাকলেও তা মানছেন না। এমনকি নির্মাণ স্থানে নকশার এক কপি সার্বক্ষনিক রাখার বিধান থাকলেও ভবন মালিকগণ তা অগ্রাহ্য করছেন।

এমতাবস্থায়, সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, স্থাপনা নির্মাণের পূর্বে নকশা অনুমোদন করা বাধ্যতামূলক। অনুমোদিত নকশা ও ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী ভবন নির্মাণ, নির্মাণ কাজ শুরুর পূর্বেই অথরাইজড অফিসারকে অবহিত করণ এবং নির্মাণ স্থানে সার্বক্ষনিক অনুমোদিত নকশার একটি কপি সংরক্ষন করতে হবে। ভবনের ফাউন্ডেশন, গ্রেডবীম, লিফটেল, ছাদ নির্মাণের পূর্বে ইমারত পরিদর্শকগণ পরিদর্শন করে অনুমোদিত নকশা মোতাবেক নির্মাণ হচ্ছে কিনা যাচাই করবেন ও ব্যতয়কৃত ভবন মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অথরাইজড অফিসার  
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।